

বারিধারা ডিওএইচএস পরিষদ
ঢাকা সেনানিবাস

৭৩তম একজিকিউটিভ কমিটির সভার কার্যবিবরণী তারিখ ১২ নভেম্বর ২০১৩ ইং।


- ১। একজিকিউটিভ কমিটির সভার সভাপতি ও ১১ জন সদস্যদের উপস্থিতিতে সভার কার্যক্রম শুরু হয়।
- ২। সেক্রেটারী সভার শুরুতে প্রেসিডেন্ট এবং সকল সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।
- ৩। সভার শুরুতে লেঃ কর্ণেল এএইচএম রুহুল ইসলাম (অবঃ) পবিত্র কোরান তেলাওয়াত ও উহার তরজমা করেন।


সভার আলোচ্যসূচী ও সিদ্ধান্ত	কার্যক্রম
<p>আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ১ : গত ০৯ অক্টোবর ২০১৩ তারিখের একজিকিউটিভ কমিটির ৭২তম সভার কার্যবিবরণী বিস্তারিতভাবে আলোচনা করা হয়। কার্যবিবরণীর সকল কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে সম্পাদিত হওয়ায় সভাপতি সকল সম্মানিত সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করেন। কার্যবিবরণী অনুমোদনের জন্য লেঃ কর্ণেল আব্দুর রব (অবঃ) প্রস্তাব করেন এবং জনাব গোলাম মোস্তফা কামাল তা সমর্থন করেন।</p>	সভাপতি/ সেক্রেটারী
<p>আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ২ : ৬নং সড়কের ৩৬৬/৮ নং বাড়ী নির্মাণের সামগ্রী আগামী ৩০ নভেম্বর ২০১৩ তারিখ পর্যন্ত পরিষদ কর্তৃক সময় দেয়া হয়। যদি উক্ত সামগ্রী ৩০ নভেম্বরের মধ্যে না সরানো হয় তাহলে পরিষদের মাধ্যমে ০৭ ডিসেম্বর ২০১৩ তারিখের মধ্যে অন্যত্র সরানোর ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	সকল ইসি সদস্য
<p>আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ৩ : আগামী ১৬ নভেম্বর ২০১৩ তারিখে অনুষ্ঠিতব্য সাধারণ সভার বিষয়ে আলোচনা করা হয়। উক্ত সভা সুষ্ঠু-সুন্দর ও সঠিকভাবে পরিচালনার জন্য ইসির সকল সদস্যদের সহযোগিতা করার আহ্বান জানানো হয়।</p>	সকল ইসি সদস্য
<p>আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ৪ : বারিধারা ডিওএইচএস কনভেনশন সেন্টারের পূর্ব পার্শ্বের গেইটের উপর অংশে নকশাকৃত ছাদ নির্মাণ নোটশীট নং-২১৪ তারিখ ০৬ নভেম্বর ২০১৩, বারিধারা ডিওএইচএস কনভেনশন সেন্টারের দক্ষিণ পার্শ্ব বাউন্ডারী ওয়াল নির্মাণ নোটশীট-২১৩ তারিখ ০৬ নভেম্বর ২০১৩ এবং বারিধারা ডিওএইচএস কনভেনশন সেন্টারের দক্ষিণ পার্শ্ব বাউন্ডারী ওয়ালের উপর লোহার রেইলিং স্থাপন নোটশীট-২১৫ তারিখ ০৬ নভেম্বর ২০১৩ এর খরচ সভায় সর্ব-সম্মতিক্রমে অনুমোদিত হয়।</p>	কনভেনশন সেন্টার কমিটি
<p>আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ৫ : বারিধারা ডিওএইচএস এর ক্রিকেট টিম আগামী ১৪ নভেম্বর ২০১৩ মিরপুর ডিওএইচএস ক্রিকেট টুর্নামেন্ট অংশ গ্রহন করবেন বিধায় নতুন জার্সি ক্রয়ের জন্য ১৭,০০০.০০ (সতের হাজার) টাকা সভায় সর্ব-সম্মতিক্রমে অনুমোদিত হয়।</p>	কনভেনার স্পোর্টস এন্ড কালচারাল সাব-কমিটি
<p>আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ৬ : বারিধারা ডিওএইচএস পরিষদের নতুন এ্যাম্বুলেন্স ড্রাইভার নিয়োগের ব্যাপারে আলোচনা করা হয়। বর্তমান চালকের বিরুদ্ধে অনেক অভিযোগ থাকায় যোগ্য ড্রাইভার পাওয়া সাপেক্ষে তাকে অপসারণ করা যেতে পারে।</p>	সেক্রেটারী
<p>আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ৭ : বারিধারা ডিওএইচএস পার্ক এরিয়ায় খেলার মাঠে ব্যাডমিন্টন কোর্ট বরাদ্দের ব্যাপারে সভায় আলোচনা হয় এবং সকল সদস্যদের সর্ব-সম্মতিক্রমে ১২টি ব্যাডমিন্টন কোর্ট তৈরীর সিদ্ধান্ত গ্রহন করা হয়।</p>	কনভেনার স্পোর্টস এন্ড কালচারাল সাব-কমিটি
<p>আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ৮ : অনাকাঙ্ক্ষিত ঘটনার পরিপ্রেক্ষিতে মেম্বার সিকিউরিটি এন্ড এ্যডমিন লেঃ কর্ণেল নাসির আহমেদ (অবঃ) নিজ পদ হতে পদত্যাগ করেন। নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে প্রেসিডেন্ট, কর্ণেল এম আব্দুল হাই (অবঃ) ডিওএইচএস বাসিন্দাদের অনুরোধে মেম্বার সিকিউরিটি এন্ড এ্যডমিনের দায়িত্বভার গ্রহন করেন। ক্যান্টনমেন্ট বোর্ড ও ইসি সদস্যদের লিখিতভাবে এবং ডিওএইচএস এর সম্মানিত সদস্যগণকে এস এম এস এর মাধ্যমে বিষয়টি অবহিত করা হয়। বিষয়টি ইসি সভায় আলোচনা হয়, ইসির কোন সদস্য দায়িত্ব নিতে সম্মত না হওয়ায় কোন যোগ্য সদস্য উক্ত পদের জন্য পাওয়া গেলে তাকে কো-অপ্ট করার সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	সভাপতি

আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -৯ বারিধারা ডিওএইচএস পরিষদের সকল ব্যয় (Financial Exp) ট্রেজারার কর্তৃক ইসিতে অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। যে সকল ব্যয় ইসি এর আর্থিক ক্ষমতার অধিক তা এজিএম এ অনুমোদনের জন্য উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয় এবং ইসির আর্থিক ক্ষমতার আওতাধীন সকল ব্যয় অনুমোদিত হয়।

ট্রেজারার

৪। সভাপতি মহোদয় মিটিংএ উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শেষ করেন।


কর্ণেল এম আব্দুল হাই
সভাপতি
তারিখ : ১৮ নভেম্বর ২০১৩


বিশেষ জেনাঃ মোঃ ইসমাইল হোসেন
সেক্রেটারী
তারিখ : ১৮ নভেম্বর ২০১৩

কার্যক্রম :

সম্মানিত সকল ইসি সদস্য